



ফুল

আহমেদ সাবের

মাঝে মাঝে তাকে দেখি একই ট্রেনে, সহযাত্রী
কখনোবা বই, কখনোবা এক রাশ শূন্যতাকে
বয়ে নিয়ে আঙ্গুলের ফাঁকে, দিনান্তের মতো;
দাঁড়িয়ে, কখনো বসে এক রাশ যাত্রীদের ভীড়ে।

সময়ের সাথে সাথে পা মিলিয়ে ট্রেন চলে,
চলে থামে, ঘাটে ঘাটে অদৃশ্য ইঙ্গিতে।
যাত্রীরা গন্তব্যে ঝরে শীতের পত্রের মতো,
দিবা শেষে পাখী যেন ঘরে ফেরে একে একে।

আজ তাকে দেখলাম, একটু দুরন্ত বেশে,
এক হাতে এক গোছা রক্তাক্ত গোলাপ, অন্য হাতে
রেপিং পেপারে বই, কিংবা চকলেট হতে পারে।
মুখে মেখে গোপুলীর সব রং, আবীরের মত।

প্রায় ফাঁকা ট্রেন, জানি না কখন ট্রেন থেমেছিলো,
নেমে গেছে সে, শুধু চেয়ে দেখি, ফুলের তোড়াটা
আলো করে, একা একা শুয়ে আছে ট্রেনের গদিতে,
পাশে নিয়ে এক প্রস্তু সাহারার বিমূর্ত বাসর।

আমার গন্তব্য এলো, নেমে যাই আমি, মন খানি
পড়ে থাকে ট্রেনে। ফুল তো পৌঁছাবে গিয়ে
ভুল স্টেশানে, মনে মনে বলি, হৃদয়টা যেন তার
ঠিক ঠিক খুজে পায় সঠিক বন্দর।

Sydney, July 17, 2010